

উত্তরাধিকার

অবিমিশ্র শূন্যতার মধ্যেও
সচেতন বোধি কিছু না-কিছু স্বপ্নময়তার
জন্ম দিতে থাকে
আগুন বাতাস খেয়ে ফেলতে থাকলেও
বাতাস কখনো আগুনের পেছন ছাড়ে না

আসলে, কিছুই শূন্য নয়
নিখাদ অন্ধকারের ভেতরেই আলোর আস্তানা
আলোর কাণ্ডিসে ঘুমিয়ে থাকে অন্ধকার
সত্য মিথ্যার টানা পোড়েনে
জীবন মৃত্যুর অনিবার্যতায়
শূন্যতার, পূর্ণতার আমোঘ নিয়মের ভেতরে বাইরে
চিরস্তর সৃষ্টি এবং অনাসৃষ্টির
ভাঙাগড়া চলতেই থাকে
চলতেই থাকে গড়া ভাঙার নিপুণ কারিকুরি
এক হিরণ্ময় সময়ের অন্তহীন উত্তরাধিকার

গোবিন্দ গোস্বামী

